Australian
BORDER FORCE

# Immigration Detention Facility Conditions of Entry
# অভিবাসন (ইমিগ্রেশন) বন্দীদের আটক রাখার স্থানে প্রবেশের শর্তাবলী

Form
1512B BEN
BENGALI

## *প্রবেশের শর্তাবলী*

### সনাক্তকরনের জন্য যা প্রয়োজনীয়

অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে প্রবেশের আগে, ১৮ বছর বা তার বেশি বয়সী (প্রাপ্তবয়স্ক) সকল দর্শনার্থীদেরকে অবশ্যই আপনার আবেদনে প্রদত্ত রঙিন ফটো সনাক্তকরণ সহ ১০০ পয়েন্ট সনাক্তকরণ নথি সরবরাহ করতে হবে।

- জন্ম নিবন্ধন সার্টিফিকেট, পাসপোর্ট, নাগরিকত্বের সার্টিফিকেট বা অন্য যেকোন প্রমাণপত্র যেখানে পাসপোর্টের মত সকল বৈশিষ্টাবলী থাকে, কূটনৈতিক প্রমাণপত্র (অথবা একটি Immicard) ও এর অন্তর্ভুক্ত, এগুলো থেকে ৭০ পয়েন্ট পাওয়া যাবে।
- কমনওয়েলথ, অস্ট্রেলিয়ার কোন স্টেট বা টেরিটোরির সরকার কর্তৃক প্রদত্ত ড্রাইভার লাইসেন্স বা অন্য লাইসেন্স বা পরমিট, এগুলো থেকে ৪০ পয়েন্ট পাওয়া যাবে।
- বাকি পয়েন্টগুলো পাবার জন্য অন্যান্য প্রমাণপত্রের সমন্বয় করা যেতে পারে। আরো তথ্যের জন্য Australian Border Force (ABF) (অস্ট্রেলিয়ান সীমান্ত বাহিনী (ABF))-এর ওয়েবসাইট দেখুন **https://www.abf.gov.au/about-us/what-we-do/border-protection/immigration-detention/visit-detention/identification-guidelines**

১৬ বছর বা এর ঊর্ধ্ব অপ্রাপ্তবয়স্কদের অবশ্যই তাদের নাম উল্লেখ আছে এমন একটি সনাক্তকারী প্রমাণপত্র দেখাতে হবে, যেমন ড্রাইভারস লাইসেন্স, একটি পাসপোর্ট (যদি বৈধ না হয় তবে পাসপোর্টটি অবশ্যই গত দুই বছরে বৈধ হতে হবে), মেডিকেয়ার কার্ড, কনসেশন কার্ড অথবা ছাত্র/ছাত্রীর পরিচয়পত্র।

১৬ বছরের কম বয়সী অপ্রাপ্তবয়স্কদের সাধারণত পরিচয়ের প্রমাণ ছাড়াই প্রবেশ করতে দেয়া হবে যদি একজন দায়িত্বশীল প্রাপ্তবয়স্ক দর্শনার্থী তাদের সাথে থাকে যা পরিদর্শক আবেদনে উল্লেখ করা হয়েছে।

যদি ছবিসহ সনাক্তকারী প্রমাণপত্রে আপনার বর্তমান ঠিকানা না থাকে, তাহলে অতিরিক্ত আরেকটি সনাক্তকারী প্রমাণপত্র অবশ্যই জমা দিতে হবে। অতিরিক্ত সনাক্তকারী প্রমাণপত্রগুলো তখনই গ্রহনযোগ্য হবে যখন সেগুলো অবশ্যই রাষ্ট্রীয়, প্রাদেশিক বা স্থানীয় সরকার কর্তৃপক্ষ, আর্থিক প্রতিষ্ঠান অথবা ইউটিলিটি (যেমন পানি, বিদ্যুৎ, গ্যাস) সরবরাহকারী কর্তৃক প্রদানকৃত এবং সেগুলোতে আপনার নাম ও বর্তমান ঠিকানা উভয়ই থাকবে। গ্রহনযোগ্য অতিরিক্ত সনাক্তকারী প্রমাণপত্রের উদাহারন হল বন্ড লজমেন্ট রিসিপ্ট, কাউন্সিল রেটস্ নোটিশ, ব্যাঙ্ক স্টেটমেন্ট, বা অন্যান্য ইউটিলিটি বিল; কিন্তু শুধুমাত্র এগুলোতেই সীমিত নয়।

### আইনী সংশ্লিষ্ট পেশাদার এবং/অথবা মাইগ্রেশন এজেন্ট

আপনি যদি একজন আইনী পেশাদার এবং/অথবা মাইগ্রেশন এজেন্ট হোন তবে এই ফর্মটিতে দেয়া শর্তগুলো ছাড়াও, আপনাকে অবশ্যই সরবরাহ করতে হবে:

- একজন আইনজীবী/মাইগ্রেশন এজেন্ট হিসাবে আপনার অবস্থার প্রমাণ;
- আপনি যে একজন সলিসিটর, ব্যারিস্টার, প্যারালিগাল বা মাইগ্রেশন এজেন্ট হিসাবে যে ফার্ম/ব্যবসা দ্বারা নিযুক্ত আছেন তার প্রাসঙ্গিক কর্পোরেট লেটারহেডে লিখিত আকারে নিশ্চিতকরণ;
- বন্দী'র(দের) নাম(গুলো) যিনি ফার্মের কাছ থেকে আইনী পরামর্শের জন্য অনুরোধ করেছিলেন, তালিকাভুক্ত ব্যক্তিদের প্রত্যেকের কাছ থেকে কাজ করার জন্য একটি স্বাক্ষরিত সম্মতিপত্র; এবং
- প্রমাণপত্র যে আটককৃত ব্যক্তি আপনার সাথে সাক্ষাতের জন্য সম্মতি প্রদান করেছে।

### স্বাস্থ্য পেশাজীবী

আপনি যদি একজন স্বাস্থ্য পেশাদার হোন (ডিটেনশন হেলথ সার্ভিস প্রোভাইডার দ্বারা নিযুক্ত নন), তবে এই ফর্মটিতে দেয়া শর্তগুলো ছাড়াও, আপনাকে অবশ্যই সরবরাহ করতে হবে:

- একটি মেডিকেল বা অন্যান্য সহযোগী স্বাস্থ্য পেশাদার হিসাবে আপনার অবস্থার প্রমাণ;
- প্রাসঙ্গিক কর্মসংস্থানের প্রমাণ; এবং
- প্রমাণপত্র যে আটককৃত ব্যক্তি আপনার সাথে সাক্ষাতের জন্য সম্মতি প্রদান করেছে।

### অফিসিয়াল ভিজিটর

আপনি যদি একজন অফিসিয়াল ভিজিটর বা দর্শনার্থী হন (যেমন একটি বাহ্যিক যাচাই সংস্থা, আইন প্রয়োগকারী সংস্থা বা রাজ্য/অঞ্চল কল্যাণ সংস্থার প্রতিনিধি), তবে এই ফর্মটিতে দেয়া শর্তগুলো ছাড়াও, আপনাকে অবশ্যই সরবরাহ করতে হবে:

- আপনার পেশা/নিয়োগকর্তার প্রমাণ; এবং
- যদি কোনও বন্দীর(দের) সাথে কাজ করতে চান তাহলে, প্রমাণপত্র যে আটককৃত ব্যক্তি আপনার সাথে সাক্ষাতের জন্য সম্মতি প্রদান করেছে।

### সংসদ ও সরকারের প্রতিনিধি

আপনি যদি সংসদীয় এবং সরকারী প্রতিনিধি হোন এবং কোনও বন্দীর(দের) সাথে কাজ করতে চান তবে এই ফর্মটিতে দেয়া শর্তগুলো ছাড়াও, আপনাকে অবশ্যই প্রমাণপত্র দিতে হবে যে আটককৃত ব্যক্তি(রা) আপনার সাথে সাক্ষাতের জন্য সম্মতি প্রদান করেছে।

### কনস্যুলার কর্মকর্তা বা বিদেশী সরকারের প্রতিনিধি

আপনি যদি কনস্যুলার কর্মকর্তা বা বিদেশী সরকারের প্রতিনিধি হন, তবে এই ফর্মটিতে দেয়া শর্তগুলো ছাড়াও, আপনাকে অবশ্যই প্রমাণপত্র দিতে হবে যে আটককৃত ব্যক্তি আপনার সাথে সাক্ষাতের জন্য সম্মতি প্রদান করেছে।

### স্বেচ্ছাসেবী, সম্প্রদায় গোষ্ঠী এবং দর্শনার্থীরা যারা আধ্যাত্মিক সেবা প্রদান করে

আপনি যদি একজন স্বেচ্ছাসেবক হোন এবং/অথবা কোনও সম্প্রদায়ের গোষ্ঠীর সদস্য হোন এবং বন্দীদের জন্য অনুমোদিত প্রোগ্রাম এবং ক্রিয়াকলাপগুলো পরিচালনা করার জন্য একটি অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে প্রবেশ করতে চান, তবে এই ফর্মটিতে বর্ণিত শর্তাবলী ছাড়াও, আপনাকে অবশ্যই অস্ট্রেলিয়ান ফেডারেল পুলিশ যাচাই এবং আইন দ্বারা প্রয়োজনীয় অন্যান্য উপযুক্ত যাচাইগুলোর মধ্য দিয়ে যেতে হবে, এর মধ্যে রয়েছে (যেখানে প্রাসঙ্গিক) দুঃস্থ শিশু/মানুষদের সাথে কাজ করার যাচাইগুলো।

© COMMONWEALTH OF AUSTRALIA, 2022

## ঠিকাদার

আপনি যদি অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে একজন ঠিকাদার হিসাবে কাজ করেন, এই ফর্মে উল্লিখিত শর্তাবলীর পাশাপাশি আপনাকে নিম্নোক্ত শর্তগুলোও মেনে চলতে হবে:

- কাজ শুরু করার আগে পরিচয় পর্বের সময় আপনাকে যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছিল সেগুলো মেনে চলা, যেমন কোথায় আপনার কাজ করার অনুমতি আছে এবং কখন আপনাকে Facilities and Detainee Service Provider (FDSP) (সুবিধা এবং বন্দী পরিষেবা সরবরাহকারী (FDSP)) কর্মীদের সাথে নিয়ে চলাচল করতে হবে;
- কাজ নেয়ার সময় সকল প্রয়োজনীয় অনুমতিপত্র, স্বীকৃতিপত্র এবং বিমার কাগজপত্র সাথে রাখা;
- কাজ বা কোনও সেবাপ্রদান শুরু করার আগে একটি অস্ট্রেলিয়ান ফেডারেল পুলিশ ব্যাকগ্রাউন্ড চেক করা;
- যেখানে সরঞ্জাম প্রয়োজন হয়:
  - কাজের জন্য প্রয়োজনীয় শুধুমাত্র ঐ সকল যন্ত্রপাতি এবং সরঞ্জাম অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে আনুন এবং নজরদারি ছাড়া কোন যন্ত্রপাতি ফেলে রাখবেন না;
  - এই আটক কেন্দ্রে প্রবেশের সময় প্রতিটি যন্ত্রপাতির পূর্ণ বিবরন যন্ত্রপাতি রেজিস্টারে লিপিবদ্ধ করুন এবং বের করার সময় FDSP কর্মীর মাধ্যমে লগ আউট করে নিন;
  - যদি কোন যন্ত্রপাতি বা সরঞ্জাম আটক কেন্দ্রের ভেতরে রেখে যেতে হয় তার নিরাপত্তা যেন আটক কেন্দ্রের FDSP কর্মীর মাধ্যমে নিশ্চিত করা হয়; এবং
  - উপযুক্ত কাজের পরিধান পোশাক (যেমন ভালভাবে দৃশ্যমানতা এমন পোশাক এবং কাজের বুট) পরুন।

## সকল অতিথিদের জন্য

অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে প্রবেশ এবং প্রস্থান করার সময় সকল দর্শনার্থীদের একটি ভিজিটর রেজিস্টারে স্বাক্ষর করতে হবে।

প্রবেশের একটি শর্ত হিসেবে সকল দর্শনার্থী এবং তাদের সাথের সকল জিনিষের নিরাপত্তা তল্লাশি করা হবে। এই তল্লাশি কাজে ব্যবহৃত হতে পারে হাতে ধরা যায় এমন স্ক্যানার, হেঁটে যেতে হয় এমন স্ক্রিনিং মেশিন, এক্স-রে এবং সাবস্টেন্স ডিটেকশন। সাবস্টেন্স ডিটেকশন প্রক্রিয়ায় মাদক চিহ্নিতকারী কুকুর ব্যবহার করা হতে পারে। একজন অফিসার আপনার সাথে থাকা দ্রব্যাদি পরীক্ষা করতে চাইতে পারে, এবং/অথবা দ্রব্যগুলো এক্স-রে স্ক্রিনিং মেশিনের মধ্যে প্রবেশ করতে পারে। আপনি এই সকল অনুরোধে সম্মত হতে বাধ্য নন, তবে সম্মত না হলে আপনি এই অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে প্রবেশের অনুমতি নাও পেতে পারেন।

আপনাকে অবশ্যই মদ বা মাদকের প্রভাব মুক্ত হতে হবে।

প্রবেশের শর্ত হিসাবে সকল দর্শনার্থীদের স্বাস্থ্য পরীক্ষা করার জন্য অনুরোধ করা হবে। স্বাস্থ্য স্ক্রীনিং প্রক্রিয়াটি সংশ্লিষ্ট এখতিয়ারভুক্ত পাবলিক হেলথ ইউনিট এবং অন্যান্য স্বাস্থ্য কর্মকর্তাদের পরামর্শের মাধ্যমে অবহিত করা হয় এবং এটি আমাদের অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে প্রবেশকারী COVID-19 সহ অসুস্থতার ঝুঁকি হ্রাস করার জন্য তৈরি করা হয়েছে। উদাহরণস্বরূপ,এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে, একটি স্বাস্থ্য স্ক্রিনিং প্রশ্নাবলী, তাপমাত্রা ট্রিয়াজিং এবং COVID-19 নজরদারি পরীক্ষা।

আপনি যদি স্বাস্থ্য স্ক্রীনিং প্রক্রিয়ায় পাশ না করেন, বা আপনার স্বাস্থ্যের অবস্থা সম্পর্কে সন্দেহ হয়:

- আপনাকে অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে প্রবেশ করতে দেয়া হবে না; এবং
- আপনাকে আপনার পরিদর্শন সময়সূচী পুনরায় নির্ধারণ করতে হবে।

দর্শনার্থীদের প্রমাণ দিতে হতে পারে **যে তাদের COVID-19 টিকা হালনাগাদ আছে**।

আপনাকে অবশ্যই পরিস্কার-পরিচ্ছন্ন বিষয়ক স্বাস্থ্যবিধি/সংক্রমণ নিয়ন্ত্রণের পদক্ষেপগুলো মেনে চলতে হবে, যার মধ্যে রয়েছে তবে সীমাবদ্ধ নয়, হাতের পরিস্কার-পরিচ্ছন্নতা স্বাস্থ্যবিধি, কাশির শিষ্টাচার এবং কোনও শারীরিক দূরত্বের প্রয়োজনীয়তা। আপনাকে মাস্ক পরতে বলা হতে পারে। পরিস্কার-পরিচ্ছন্ন বিষয়ক কোনও স্বাস্থ্যবিধির অনুরোধ মেনে চলতে ব্যর্থ হওয়ার ফলে আপনার পরিদর্শনের সমাপ্তি হতে পারে।

আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা ঐচ্ছিক। আপনার ব্যক্তিগত তথ্য Department of Home Affairs (স্বরাষ্ট্র অধিদপ্তর) (বা অধিদপ্তর) এর পক্ষ থেকে আপনাকে অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে স্বাস্থ্য স্ক্রীনিং পরিচালনাকারী চুক্তিবদ্ধ পরিষেবা প্রদানকারী কর্মীদের দ্বারা সংগ্রহ করা হবে।

আপনার ব্যক্তিগত তথ্য একটি রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হবে এবং আইন অনুযায়ী ব্যবহার এবং প্রকাশ করা যেতে পারে (বিভাগ সহ) (**গোপনীয়তা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য** দেখুন)।

জনসম্মুখে পরার মত উপযোগী এমন পোশাক আপনাকে অবশ্যই পরতে হবে, অপরাধের কারণ হতে পারে এমন ছবি ও স্লোগান সম্বলিত পোশাক পরবেন না। পেশাদার সংস্থার প্রতিনিধিদের পেশাদারী পদ্ধতিতে (যেমন ব্যবসায়িক পোশাক) পোশাক পরা উচিত যদি একটি নির্ধারিত ইউনিফর্ম বা প্রতিনিধিত্বমূলক পোশাক না পরেন। কর্ম, স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য অবশ্যই বদ্ধ জুতা (কোনও উচ্চ হিল নয়) পরতে হবে।

অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে বসবাসকারী একজন আপনার সাথে দেখা করা প্রত্যাখ্যান করতে পারে এবং তার এই অধিকারকে অবশ্যই সম্মান করতে হবে।

## অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে জিনিষপত্র আনা

অস্ট্রেলিয়ার আইনে ব্যক্তি হেফাজতে রাখা নিষিদ্ধ এমন কোন দ্রব্য অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে অবশ্যই আনার চেষ্টা করবেন না। অস্ট্রেলিয়ার আইনে কমনওয়েলথ, স্টেট বা টেরিটোরির আইন অন্তর্ভুক্ত। আপনার কাছে বা আপনার হেফাজতে যদি নিষিদ্ধ কোন দ্রব্য পাওয়া যায়, তাহলে আপনাকে তা ফেরত দেয়া হবে না এবং পুলিশকে অবহিত করা হবে।

আপনি কোন নিয়ন্ত্রিত জিনিষ অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে আনার চেষ্টা করবেন না। নিয়ন্ত্রিত জিনিষ হল সেগুলো যা অস্ট্রেলিয়াতে আইনগতভাবে আপনি নিজের কাছে রাখতে পারেন কিন্তু যা স্বাস্থ্য, গোপনীয়তা, নিরাপত্তা বা অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে সুশৃঙ্খল পরিবেশ বজায় রাখার জন্য ঝুঁকিপূর্ণ এবং এজন্য এগুলোকে আনার উপর নিষেধাজ্ঞা আছে। যদি আপনি এই ধরনের জিনিষ নিয়ে অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে আসেন, তাহলে পৌছাবার পর কেন্দ্রের উপস্থিত কর্মীদেরকে এই ব্যাপারে জানাবেন এবং পরিদর্শন এলাকায় প্রবেশের পূর্বে সেগুলো জমা রাখবেন। আপনার কাছে যদি ঐ ধরনের জিনিষ থাকে যা স্বাস্থ্য, গোপনীয়তা, নিরাপত্তা বা অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে সুশৃঙ্খল পরিবেশ বজায় রাখার জন্য ঝুঁকিপূর্ণ সেক্ষেত্রে আপনাকে প্রবেশ করতে দেয়া হবে না।

কোন জিনিষ নিষিদ্ধ বা নিয়ন্ত্রিত এই সম্পর্কে আপনি যদি নিশ্চিত না হোন, তাহলে অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে প্রবেশের **পূর্বে** সেই জিনিষের ব্যাপারে পরিদর্শক অফিসারকে অবহিত করুন। পরিদর্শনের সময় যদি আপনার ব্যক্তিগত জিনিষপত্র জমা রাখতে হয়, সেক্ষেত্রে লকার পাওয়া যেতে পারে। অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানের প্রবেশ পথের কাছে সাইনবোর্ডে এবং ABF- এর ওয়েব সাইটে নিষিদ্ধ বা নিয়ন্ত্রিত জিনিষগুলোর চিহ্ন প্রদর্শন করা আছে **https://www.abf.gov.au/about-us/what-we-do/border-protection/immigration-detention/visit-detention**

যদি কোন দ্রব্য বা বস্তু আটক ব্যক্তির জন্য আনা হয়, তাহলে তা অবশ্যই পরিদর্শন এলাকার রিসিপশনে নিরাপত্তা তল্লাশির জন্য হস্তান্তর করতে হবে, এবং উপরোক্ত কারনগুলোর জন্য ভিতরে প্রবেশ নাও করতে দেয়া হতে পারে।

আটক ব্যক্তিরা নিজেদের কাছে সর্বোচ্চ কত সংখ্যক জিনিষ রাখতে পারবে তার একটি মাত্রা আছে। যদি সেই মাত্রা পার হয়ে যায় তাহলে দর্শনার্থীর আনা জিনিষ প্রত্যাখ্যাত হতে পারে।

অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানের ভিতর আপনার সাথে আনা অনুমোদিত সকল বস্তুর দায়িত্ব আপনার। অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে অবস্থাকালীন আপনার নিজস্ব জিনিষ হারিয়ে যেতে পারে বা ক্ষতি হতে পারে, কিন্তু বিভাগ এই ব্যাপারে কোন দায়িত্ব বহন করবে না। সকল ব্যক্তিগত জিনিষপত্র নিজের হেফাজতে রাখা এবং অভিবাসন বন্দীদের আটক রাখার স্থান হতে চলে যাওয়ার সময় সেগুলো সাথে করে নিয়ে যাওয়া আপনার দায়িত্ব।


© COMMONWEALTH OF AUSTRALIA, 2022

## সাহায্যকারী প্রাণী

অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে দর্শনার্থীদের প্রবেশের অনুমতি দেওয়ার আগে তাদের প্রাণীটি যে একটি সহায়তাকারী প্রাণী বা প্রাণীটিকে স্বাস্থ্যবিধি এবং আচরণের যথাযথ মান পূরণের জন্য প্রশিক্ষণ দেওয়া হয়েছে তার প্রমাণ করার জন্য অনুরোধ করা হতে পারে।

সাহায্যকারী প্রাণীটিকে অবশ্যই সর্বদা দর্শনার্থীর তত্ত্বাবধানে থাকতে হবে এবং অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে অস্থায়ীভাবে এবং কেবলমাত্র পরিদর্শনের জন্য অনুমোদিত সময় পর্যন্ত থাকতে পারবে।

দর্শনার্থীদের অবশ্যই প্রাসঙ্গিক নিরাপত্তা স্ক্রীনিং পদ্ধতি অনুসারে সাহায্যকারী প্রাণীর স্ক্রিনিংয়ের অনুমতি দিতে হবে। দর্শনার্থীদের এই পদ্ধতিগুলো করার সময় সহায়তা করতে বলা হতে পারে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে সাহায্যকারী প্রাণীর পোশাকের অনুসন্ধান করা।

## পরিদর্শনকালে আচার-আচরন

আপনাকে অবশ্যই অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে নিয়ম মেনে চলতে হবে এবং স্টাফদের যৌক্তিক নির্দেশনা অনুসরন করতে হবে। আপনাকে অবগত থাকতে হবে যে পরিদর্শন এলাকাটি সবার জন্য। আপনাকে এমন আচরন করতে হবে যা অপরের প্রতি শ্রদ্ধাশীল হয় এবং যা অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে ব্যক্তিদের বা অন্যান্য পরিদর্শকদের বিব্রত বা বিরক্ত না করে। আপনি অবশ্যই সেই ধরনের আচরন প্রদর্শনে উৎসাহ দিবেন না বা নিজে যোগ দিবেন না যা অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে নিরাপত্তা, সুশৃঙ্খল পরিবেশ অথবা শান্তি বজায় রাখা বিঘ্নিত করে।

আপনাকে দেয়া দর্শনার্থী চিহ্নিতকরণ কার্ডটি আপনার পরিদর্শনের পুরো সময়টা ধরে এমনভাবে পরে থাকবেন যাতে তা স্টাফদের চোখে সর্বদা দৃশ্যমান হয় এবং আপনি সর্বদা দর্শনার্থী এলাকাতেই থাকবেন যদি না স্টাফরা আপনাকে অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানের অন্যান্য এলাকায় যাওয়ার জন্য অনুমতি দেন।

আপনি ইমিগ্রেশন সহায়তা প্রদানের জন্য অনুমোদিত না হলে, আপনার ইমিগ্রেশন সহায়তা প্রদান করা মোটেই উচিত নয়। *Migration Act 1958* (Migration Act টি) আইনটিতে শক্ত বাধ্যবাধকতা আরোপ করে বলা আছে যে কারা অভিবাসন বা ইমিগ্রেশন ব্যাপারে সহায়তা করতে পারবে। এই Migration Act -এ বলা আছে, কি ধরনের কাজ ইমিগ্রেশন বিষয়কে সহায়তা করে। অনুমোদন নাই কিন্তু ইমিগ্রেশন সহায়তা প্রদান করে এমন ব্যক্তিকে তার এই অন্যায় কাজের জন্য ১০,০০০ ডলারের অধিক জরিমানা করা হতে পারে।

আপনার সাথে থাকা ছোটোদের দ্বায়িত্ব আপনার এবং পুরোটা সময় আপনি তাদের খেয়াল রাখবেন।

যে কোন আটক ব্যক্তি বা অন্য দর্শনার্থীদের ব্যাপারে আপনার উদ্বেগের কথা স্টাফদের জানাবেন। আপনার উদ্বেগ কিভাবে জানাবেন তা দর্শনার্থী এলাকায় নোটিশে দেয়া আছে।

## প্রবেশ প্রত্যাখ্যান এবং পরিদর্শন সমাপ্তি

Immigration Detention Visitor Program (অভিবাসন বন্দীদের পরিদর্শন প্রকল্প)-এর অধীনে ব্যক্তিগত পরিদর্শনগুলো যে কোনও সময় প্রক্রিয়াগত বিবেচনার ফলে সাময়িকভাবে স্থগিত করা যেতে পারে, যার মধ্যে রয়েছে (তবে সীমাবদ্ধ নয়) স্বাস্থ্য, সুরক্ষা এবং নিরাপত্তা।

আপনাকে একটি অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে প্রবেশ করতে নিষেধ করা হতে পারে বা আপনার পরিদর্শন বাতিল করা হতে পারে যদি:

- আপনি আপনার কাছে থাকা সকল জিনিস ঘোষণা করতে ব্যর্থ হন;
- আপনি অতীতের নির্দিষ্ট অপরাধমূলক শাস্তির কথা উল্লেখ করতে ব্যর্থ হন;
- আপনি আপনার পরিদর্শনের কারণ পর্যাপ্ত সময় আগে দিতে ব্যর্থ হন, পরিদর্শনের জন্য অনুমোদন না পান, বা প্রবেশের জন্য কোনও আইনগত কারণ না থাকে;
- আপনি পর্যাপ্ত সনাক্তকরণ সরবরাহ করতে ব্যর্থ হন;
- আপনি নির্ধারিত এলাকায় থাকতে ব্যর্থ হন;
- আপনি যে সকল ছোটোদের দেখভালের দায়িত্বে আছেন, তাদেরকে সর্বদা তত্ত্বাবধান করতে এবং সাথে রাখতে ব্যর্থ হন;
- আপনি উপযুক্ত পোশাক বা বন্ধ জুতা পরতে ব্যর্থ হন;
- আপনি প্রবেশের এই শর্তগুলো স্বীকার এবং/অথবা স্বাক্ষর করতে অস্বীকার করেন;
- আপনি একটি অভিবাসন বন্দীদের আটক রাখার স্থান সনাক্তকরণ বহন করতে অস্বীকার করেন (যেখানে নির্দেশিত);
- আপনি অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে অনুমোদিত নয় এমন জিনিস(গুলো) জমা দিতে অস্বীকার করেন;
- আপনি নিরাপত্তা এবং/অথবা স্বাস্থ্য স্ক্রীনিং বা পরিদর্শন পদ্ধতির মধ্য দিয়ে যেতে অস্বীকার করেন;
- আপনার আচরণকে অনুপযুক্ত, আক্রমণাত্মক বা অভিবাসন বন্দীদের আটক রাখার স্থান বা অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে থাকা ব্যক্তিদের নিরাপত্তা, শৃঙ্খলা বা নিরাপত্তার জন্য হুমকি বলে মনে করা হয়;
- একজন অফিসার সন্দেহ করেন যে আপনি মদ বা অবৈধ পদার্থের প্রভাবে আছেন;
- একজন অফিসার সন্দেহ করে যে আপনি অসুস্থ;
- একজন অফিসার সন্দেহ করেন যে আপনি এমন জিনিস(গুলো) বহন করছেন যা কোনও অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে অনুমোদিত নয়;
- একজন অফিসার সন্দেহ করেন যে আপনি যে কোনও সময় প্রবেশের এই শর্তগুলো মেনে চলতে ব্যর্থ হয়েছেন;
- অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে নিরাপত্তা, শৃঙ্খলা বা বিশৃঙ্খলা বা অপরাধ প্রতিরোধের বিষয়ে সমস্যা দেখা দিয়েছে;
- গোয়েন্দা বা ঝুঁকি সম্পর্কিত বিষয়, এবং/অথবা
- অন্যান্য প্রক্রিয়াগত কারণ।

আপনাকে অবশ্যই অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে আপনার পরিদর্শন শেষ করার, বা আপনাকে প্রত্যাখ্যান বা কোনও জিনিস প্রবেশে প্রত্যাখ্যানের যে কোনও সিদ্ধান্তকে সম্মান করতে হবে। যদি বলা হয় তবে আপনাকে অবিলম্বে অভিবাসন বন্দীদের আটক রাখার স্থান ছেড়ে চলে যেতে হবে। এটি করতে অস্বীকার করলে ভবিষ্যতে আপনার পরিদর্শন প্রভাবিত হতে পারে এবং পুলিশকে জানানো হতে পারে।

## অভিযোগ এবং প্রতিক্রিয়া

আপনার পরিদর্শন থেকে আপনি কোন অভিযোগ বা মতামত জানাতে পারেন। বিস্তারিত জানার জন্য এই বিভাগের ওয়েবসাইটে যান। **https://www.homeaffairs.gov.au/help-and-support/departmental-forms/online-forms/complaints-compliments-and-suggestions**

## গোপনীয়তা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য

আপনার ব্যক্তিগত তথ্য আইন দ্বারা সংরক্ষিত, যার মধ্যে রয়েছে *Privacy Act 1988*। আপনার ব্যক্তিগত তথ্য, যার মধ্যে সংবেদনশীল তথ্যও রয়েছে, তার সংরক্ষন, ব্যবহার এবং প্রকাশ করা (অন্যান্য এজেন্সী এবং তৃতীয় পক্ষের কাছে, যার মধ্যে বিদেশী সংস্থা রয়েছে) সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য 1553 ফর্ম-এর *Privacy Notice Visitors to immigration detention facilities (গোপনীয়তা বিজ্ঞপ্তি অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে দর্শনার্থী)*-তে দেয়া আছে যা ABF-এর ওয়েবসাইটে অথবা কেন্দ্রগুলোতে পাওয়া যাবে। ফর্ম পূরণ করার পূর্বে আপনি যে ফর্ম 1553 পড়েছেন এবং বুঝতে পেরেছেন তা নিশ্চিত করুন।

## আরও তথ্যাবলী

আরও তথ্যাবলী, যেমন অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানের বিস্তারিত বিবরন, যোগাযোগ করার ত্যথাবলী, খোলার সময় এবং আবেদনপত্রের জন্য ABF এর ওয়েবসাইটে যান **https://www.abf.gov.au/about-us/what-we-do/border-protection/immigration-detention/visit-detention**

# Agreement

**All visitors must read the *Conditions of Entry* on pages 1–3 of this form and sign this Agreement before entering the immigration detention facility.**

I declare that:

- I have read the *Conditions of Entry* on pages 1–3 of this form.
- I am not bringing any prohibited or controlled items into this immigration detention facility.

I understand that:

- failure to comply with the above conditions may result in:
  - refusal of entry to the immigration detention facility;
  - termination of the visit;
  - removal from the immigration detention facility; and

  that any such failure may negatively impact the approval of any application I may make for future visits to this or any other immigration detention facility.
- by signing this Agreement, I agree to comply with the *Conditions of Entry* on pages 1–3 of this form.

I acknowledge that:

- the Department collects personal information from me and that I have read the information contained in form 1553 *Privacy Notice Visitors to immigration detention facilities*. I consent to the collection, use and disclosure by the Department of my personal information, and the personal information of any accompanying minors of which I am the parent or guardian, for those purposes set out above and/or as described in form 1553 or as otherwise authorised or required by an Australian law.

# সম্মতিপত্র

**সকল দর্শনার্থীদের আবশ্যিকভাবে এই ফর্মের ১-৩ পাতার *প্রবেশের শর্তাবলী* পড়তে হবে এবং অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে প্রবেশের পূর্বে এই সম্মতিপত্রে স্বাক্ষর করতে হবে।**

আমি ঘোষণা করছি যে:

- আমি এই ফর্মের ১-৩ পৃষ্ঠায় *প্রবেশের শর্তাবলী* পড়েছি।
- আমি এই অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে কোন ধরনের নিষিদ্ধ বা নিয়ন্ত্রিত জিনিষ আনবো না।

আমি বুঝতে পারছি যে:

- উপরোক্ত শর্তাবলী মেনে চলতে গিয়ে ব্যর্থতার ফলে:
  - অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে আমাকে প্রবেশ করতে নাও দেয়া হতে পারে;
  - পরিদর্শনের সমাপ্তি হতে পারে;
  - অভিবাসন বন্দীদের আটক রাখার স্থান থেকে বের করে দেয়া হতে পারে; এবং

  এই ব্যর্থতা এই আটক কেন্দ্রে বা অন্য কোন অভিবাসন বন্দীদের আটক রাখার স্থানে আমার পরবর্তী আবেদনগুলোতে নেতিবাচক প্রভাব ফেলতে পারে।
- এই সম্মতিপত্রে স্বাক্ষরের মাধ্যমে আমি এই ফর্মের ১-৩ পাতার *প্রবেশের শর্তাবলী* মেনে চলার সম্মতি দিচ্ছি।

আমি জানি যে:

- বিভাগ আমার কাছ থেকে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করে এবং আমি ফর্ম 1553 তে উল্লেখিত *Privacy Notice Visitors to immigration detention facilities* - সম্পর্কে তথ্য পড়েছি। উপরোক্ত সকল প্রয়োজনে এবং/অথবা ফর্ম 1553 -এ যেভাবে লেখা আছে বা অস্ট্রেলিয়ার আইনের অনুমতিক্রমে বা প্রয়োজনে, আমি আমার ব্যক্তিগত তথ্যাবলী এবং আমার সাথে থাকা শিশুর ব্যক্তিগত তথ্য, আমি যার পিতা-মাতা বা অভিভাবক, বিভাগ কর্তৃক সংগ্রহ, ব্যবহার ও প্রকাশের সম্মতি দিচ্ছি।

Your full name
আপনার পূর্ণ নাম

**Your signature**
**আপনার স্বাক্ষর**

Date
তারিখ

Day / দিন   Month / মাস   Year / বছর
/ /


© COMMONWEALTH OF AUSTRALIA, 2022